

“শিল্পে প্রাকৃতিক গ্যাস,  
গৃহস্থালিতে বিকল্প  
জ্বালানী”

“বিদ্যুৎ ও জ্বালানী  
নিরাপত্তা সর্বোচ্চ  
অগ্রাধিকার”



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন  
কোম্পানী লিঃ (বাপেক্স)

বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা

[www.bapex.com.bd](http://www.bapex.com.bd)

জেনারেল এডমিন (অফিসার) শাখা



নম্বর: ২৮.০৯.০০০০.০১২.৩৯.০০৩.২০/৩২৬

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭

৩০ সেপ্টেম্বর ২০২০

### পরিপত্র

বিষয়: গ্যাসক্ষেত্রে অতিথিদের গমনাগমন ও রাত্রিযাপনের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী বিভাগের পূর্বানুমোদন গ্রহণ।

বর্তমানে কোম্পানির আওতাধীন মোট ০৯ (নয়) টি গ্যাসক্ষেত্রের মধ্যে ০৭ (সাত) টি গ্যাসক্ষেত্র হতে গ্যাস উৎপাদন চলমান রয়েছে। উক্ত স্থাপনাগুলো হতে উৎপাদিত গ্যাস দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ ভূমিকা রাখছে। গ্যাসক্ষেত্র রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর স্থাপনা। ইতোমধ্যে দুটি গ্যাসক্ষেত্র কেপিআই এর অর্ন্তভুক্ত হয়েছে এবং অবশিষ্ট গ্যাসক্ষেত্রগুলো কেপিআই-ভুক্ত করার প্রক্রিয়া চলমান রয়েছে। উল্লেখিত স্থাপনাগুলোর নিরবিচ্ছিন্ন নিরাপত্তা ব্যবস্থা বজায় রাখার লক্ষ্যে সরকার কর্তৃক সময়ে-সময়ে জারিকৃত নির্দেশনা কঠোরভাবে প্রতিপালিত হচ্ছে।

২. কাজের প্রয়োজনে কোম্পানির কর্মকর্তা/কর্মচারীগণ প্রায়শ: গ্যাসক্ষেত্রে গমন করে থাকেন। এ ছাড়াও বিভিন্ন স্থান হতে অতিথি/দর্শনার্থীগণ গ্যাসক্ষেত্র পরিদর্শন করতে আগ্রহ প্রকাশ করে থাকেন। বর্তমানে চলমান মহামারী করোনা ভাইরাস ও সার্বিক নিরাপত্তা বিবেচনায় এরূপ দর্শনার্থীদের গ্যাসক্ষেত্রে গমনাগমন ও রাত্রিযাপনের বিষয়ে অনুমতি প্রদান সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়। তবে, বিশেষ কারণে অতিথি/দর্শনার্থীবৃন্দের গ্যাসক্ষেত্র পরিদর্শন বা রাত্রিযাপনের প্রয়োজন হলে এ বিষয়ে আবশ্যিকভাবে নিয়ন্ত্রণকারী বিভাগের প্রাক অনুমতি গ্রহণ করা প্রয়োজন।

৩. উপর্যুক্ত প্রেক্ষাপটে দেশে চলমান মহামারী করোনা ভাইরাস সংক্রমণ রোধ ও সার্বিক নিরাপত্তা ব্যবস্থা অটুট রাখার স্বার্থে কোম্পানির আওতাধীন গ্যাসক্ষেত্রে নিয়োজিত ফিল্ড ইনচার্জগণকে স্ব-স্ব স্থাপনায় অতিথিদের গমনাগমন ও রাত্রিযাপনের বিষয়ে নিয়ন্ত্রণকারী বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করার জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-৯-২০২০

মোহাম্মদ আবুল বশর

মহাব্যবস্থাপক (প্রশাসন)

ফোন: ০১৭১৩৩৩৯৮৮৮

ইমেইল:

[gadmin@bapex.com.bd](mailto:gadmin@bapex.com.bd)

বিতরণ:

১) পরিচালক (অপারেশন), পরিচালক (অপারেশন) এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন

কোম্পানী লিঃ (বাপেক্স)

২) বাপেক্সের মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধানবৃন্দ

৩) বাপেক্সের এর চলমান প্রকল্পের পরিচালকবৃন্দ ও ডিপিডিবৃন্দ।

৪) ফিল্ড ইনচার্জগণ/গ্যাস ফিল্ড সমূহ

৫) উপ-মহাব্যবস্থাপক, আইসিটি উপ-বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) (ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহকারে )

৬) উপ-ব্যবস্থাপক (সমন্বয়) (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

৭) অফিস কপি ।